তথ্য ও গণসংযোগ বিভাগ
Information and Public Relations Division

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

**প্রেস রিলিজ**
**০৫ নভেম্বর ২০২৫**

# চাঁদপুরে বাউবির নবনির্মিত অফিস ভবনের উদ্বোধন:

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) একাডেমিক কার্যক্রমকে আরও গতিশীল ও সুসংগঠিত করার লক্ষ্যে চাঁদপুর উপ-আঞ্চলিক কেন্দ্রে নবনির্মিত অফিস ভবনের উদ্বোধন অনুষ্ঠিত হয়। আজ বুধবার (০৫ নভেম্বর ২০২৫) বিকেল ৩টায় চাঁদপুর উপ-আঞ্চলিক কেন্দ্রের নিজস্ব ক্যাম্পাসে (সেনগাঁও, আশিকাটি, চাঁদপুর) আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভবনের শুভ উদ্বোধন ঘোষণা করেন বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। প্রথমেই উপাচার্য লাল রঙের ফিতা কেটে এবং নবনির্মিত উপ-আঞ্চলিক কেন্দ্র ভবনের দেয়ালে স্থাপিত ফলক উন্মোচন করে অফিস ভবনের শুভ উদ্বোধন করেন। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, “বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দেশের প্রান্তিক জনগোষ্ঠীর দোরগোড়ায় শিক্ষা পৌঁছে দিতে নিরলসভাবে কাজ করছে। এ ধরণের উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমকে আরও গতিশীল করবে এবং শিক্ষার্থীদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের যোগাযোগকে সহজতর করবে। চাঁদপুর উপ-আঞ্চলিক কেন্দ্রের নিজস্ব ভবন প্রতিষ্ঠা স্থানীয়ভাবে শিক্ষা বিস্তারের নতুন দিগন্ত উন্মোচন করবে।” উপাচার্য বলেন, এখন থেকে বাউবির এম.এ কোর্স সম্পূর্ণ অনলাইনে পরিচালিত হচ্ছে। শিক্ষার্থীদের আর কোনো স্টাডি সেন্টারে গিয়ে ক্লাস করতে হবে না। ঘরে বসেই মোবাইল অ্যাপস ব্যবহার করে শিক্ষার্থীরা পাঠগ্রহণ করতে পারবেন। এছাড়াও তিনি আরো বলেন,"শিক্ষা সহজলভ্য করার পাশাপাশি মানসম্পন্ন শিক্ষার নিশ্চয়তা দিতে বাউবি প্রতিশ্রুতিবদ্ধ । উন্মুক্ত শিক্ষা মানে নকলের সুযোগ নয়; বরং সবার কাছে জ্ঞানের আলো পৌঁছে দেওয়াই বাউবির লক্ষ্য। তিনি আরও জানান, বর্তমানে ৬৭টি প্রোগ্রাম চালু আছে এবং দক্ষতা বৃদ্ধিমূলক নতুন নতুন কোর্সও চালু করা হচ্ছে, যাতে দেশের জনগণ প্রকৃত অর্থে শিক্ষিত ও দক্ষ জনশক্তিতে পরিণত হতে পারে। মাননীয় উপাচার্য আরও বলেন, শিক্ষার মূল লক্ষ্য হচ্ছে মানুষ তৈরি করা—যে শিক্ষা মানুষকে আলোকিত ও নৈতিক করে তোলে, সেটিই প্রকৃত শিক্ষা। তিনি অভিভাবক, শিক্ষক ও স্থানীয় জনগণকে আহ্বান জানান, যাতে সবাই বাউবির কার্যক্রম সম্প্রসারণে সহযোগিতা করে এবং যারা বয়স বা সামাজিক কারণে শিক্ষার সুযোগ পাননি, তারা যেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে নতুন করে শিক্ষা গ্রহণের সুযোগ নেন। অনুষ্ঠানে তিনি ৭২ বছর বয়সে বাউবি থেকে বিজ্ঞান বিভাগে এসএসসি পাস করে বর্তমানে এইচএসসি প্রোগ্রামে অধ্যয়নরত চাঁদপুরের বীর মুক্তিযোদ্ধা রেজা মাহবুব আলফুকে ফুল দিয়ে শুভেচ্ছা ও শ্রদ্ধা জানিয়ে বলেন, “শিক্ষা গ্রহণের কোনো বয়স নেই—যতদিন প্রাণ আছে, ততদিন শেখার সুযোগ আছে।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস পিএইচডি ও চাঁদপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোঃ. মাসুদুর রহমান। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন, বাউবির ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক মোঃ আনিছুর রহমান। এছাড়াও চাঁদপুর উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন বিভিন্ন প্রোগ্রামের স্টাডি সেন্টারের সমন্বয়কারী, টিউটর ও স্থানীয় নেতৃবৃন্দও বক্তব্য রাখেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক মোঃ মাহফুজ উল আলম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, পরিচালক, আঞ্চলিক পরিচালক, যুগ্ম-পরিচালক, কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী, গণমাধ্যমকর্মী, স্থানীয় প্রশাসনের প্রতিনিধি ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম ও অতিথিবৃন্দ নবনির্মিত ভবনের বিভিন্ন দপ্তর পরিদর্শন করেন এবং শিক্ষক, শিক্ষার্থী ও স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করেন।

মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক
যুগ্ম-পরিচালক
মোবাইল: ০১৭১৪৫০৫৭৪৭